# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২২৪

১/ বিবিধ

আরবী

حملة القرآن أولياء الله، فمن عاداهم فقد عادى الله، ومن والاهم فقد والى الله

موضوع

أخرجه الديلمي في " مسنده " (2 / 90) من طريق أبي نعيم معلقا عليه بسنده عن الحسن بن إدريس العسكري حدثنا إبراهيم بن سهل حدثنا داود بن المحبر عن صخر بن جويرية عن نافع عن ابن عمر به
وذكره السيوطي في " الجامع " من رواية الديلمي وابن النجار عن ابن عمر، وتعقبه المناوي بقوله: وفيه داود بن المحبر، قال الذهبي في الضعفاء
قال ابن حبان: كان يضع الحديث على الثقات، ورواه عنه أبو نعيم في " الحلية " ومن طريقه أورده الديلمي مصرحا، فلوعزاه له لكان أولى.
قلت: بل الأولى حذفه أصلا! فقد أورده السيوطي نفسه في " ذيل الأحاديث الموضوعة " (رقم 155 ، ص 32) من رواية أبي نعيم في " تاريخ أصبهان " وقال السيوطي: قال الحافظ في " اللسان ": هذا خبر منكر ساقه أبو نعيم في ترجمة الحسن بن إدريس، لكن الآفة من داود بن المحبر، وتبعه ابن عراق في " تنزيه الشريعة ": (1 / 135) ، والحديث في " أخبار أصبهان " (1 / 264) وليس في " الحلية " كما ظن المناوي والحسن بن إدريس هو من شيوخ أبي الشيخ كما ترجمه في " طبقاته " (389 / 531) ولم يذكر فيه جرحا ولا تعديلا وكذلك صنع أبو نعيم، وإبراهيم بن سهل لم أعرفه، ثم رواه الديلمي من حديث علي نحوه وفيه محمد بن الحسين، قال الخطيب (2 / 248) :

قال لي محمد بن يوسف القطان: كان غير ثقة يضع للصوفية الأحاديث

বাংলা

২২৪। কুরআনের বাহকগণ আল্লাহর আউলিয়া (বন্ধু)। অতএব যে ব্যাক্তি তাঁদের সাথে শত্রুতা করবে, সে প্রকৃত পক্ষে আল্লাহর সাথে শত্রুতা করল। আর যে ব্যাক্তি তাঁদের সাথে বন্ধুত্ব স্থাপন করল, সে প্রকৃত পক্ষে আল্লাহর সাথেয় বন্ধুত্ব স্থাপন করল।

হাদীসটি জাল।

এটিকে দাইলামী তার “মুসনাদ" গ্রন্থে (২/৯০) আবূ নু'য়াইম সূত্রে মুয়াল্লাক হিসাবে উল্লেখ করেছেন। সুয়ূতী "জামেউস সাগীর" গ্রন্থে দাইলামী এবং ইবনুন নাজ্জার-এর বর্ণনা হতে উল্লেখ করেছেন। মানবী তার সমালোচনা করে বলেছেনঃ এটির সনদে দাউদ ইবনু মুহাব্বার নামক এক বর্ণনাকারী আছেন। যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তার সম্পর্কে ইবনু হিব্বান বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন।

সুয়ূতী নিজে হাদীসটিকে “যায়লুল আহাদীসিল মাওযুআহ” গ্রন্থে (পৃঃ ৩২ নং ১৫৫) উল্লেখ করে বলেছেন, হাফিয “লিসানুল মীযান” গ্রন্থে বলেনঃ এ খবরটি মুনকার। হাদীসটি আবু নু'য়াইম “আখবার আসবাহান” গ্রন্থে হাসান ইবনু ইদরীস এর জীবনীতে উল্লেখ করেছেন। কিন্তু এটির সমস্যা হচ্ছে দাউদ ইবনু মুহাব্বার হতে।

ইবনু আররাক "তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (১/১৩৫) তার অনুকরণ করেছেন। সনদের অপর বর্ণনাকারী হাসান ইবনু ইদরীস সম্পর্কে আবুশ শাইখ তার “আত-তাবাকাত” গ্রন্থে (৩৮৯/৫৩১) ভাল-মন্দ কিছুই বলেননি। আবু নু'য়াইমও তাই করেছেন।

এছাড়া ইবরাহীম ইবনু সাহালকে আমি চিনি না। দাইলামী আলী (রাঃ)-এর হাদীস হতে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। যার সনদে মুহাম্মাদ ইবনু হাসান রয়েছেন। তার সম্পর্কে খাতীব বাগদাদী (২/২৪৮) বলেনঃ মুহাম্মাদ ইবনু ইউসুফ আল-কাত্তান বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না। সূফীদের জন্য হাদীস জাল করতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন